# সকল বোর্ড-২০১৭

## ভূগোল ও পরিবেশ বিষয় কোড: ১ ১ ০

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**প্রশ্ন-১.** পলাশ দেশের উপকূলীয় এলাকার বাসিন্দা। আশ্বিন মাসের এক বিকেলে রেডিওতে সে ঘূর্ণিঝড়ের পূর্বাভাস শুনতে পায়। কিছুক্ষণ পরেই তার এলাকার লোকজনকে নিরাপদ স্থানে সরে যেতে মাইকিং করা হয়।

ক. দুর্যোগ কাকে বলে? ১

খ. দুর্যোগ ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত পদক্ষেপগুলো দুর্যোগ ব্যবস্থাপনা চক্রের কোনটির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত দুর্যোগ পরবর্তী পরিস্থিতি মোকাবেলায় কী কী পদক্ষেপ নেওয়া যেতে পারে? যুক্তিসহকারে তোমার মতামত উপস্থাপন করো। ৪

**প্রশ্ন-২.** নরেন বাবু দীর্ঘ দিন যাবৎ বুড়িগঙ্গার তীরে পরিবার নিয়ে বসবাস করছেন। পূর্বে গৃহস্থালির কাজে এই নদীর পানি ব্যবহার করতেন। কিন্তু বর্তমানে নদীটি দূষণের ফলে দুর্গন্ধময় এবং ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে।

ক. বাংলাদেশে শতকরা কতভাগ বনভূমি রয়েছে? ১

খ. পরিবেশ সংরক্ষণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত দূষণটি কী কী কারণে ঘটে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জীব বৈচিত্র্যের উপর উক্ত দূষণটি কী প্রভাব ফেলছে? বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৩.**

**ছক**

| বনভূমি | বৃক্ষসমূহ |
|---|---|
| C | গজারি, কড়াই |
| D | গরান, গোলপাতা |

ক. অর্থকরী ফসল কাকে বলে? ১

খ. পাট উষ্ণ অঞ্চলের ফসল কেন? ব্যাখ্যা করো। ২

গ. ছকের 'C' চিহ্নিত বাংরাদেশের বনভূমিটির বর্ণনা দাও। ৩

ঘ. "ছকের D চিহ্নিত বনভূমিটি পর্যটন শিল্পের অপার সম্ভাবনাময় স্থান"– উক্তিটির সাথে তুমি কী একমত? আলোচনা করো। ৪

http://teachingbd.com

প্রশ্ন-৪.




চিত্র : বাংলাদেশের মানচিত্র

ক. বুড়িগঙ্গা কোন নদীর শাখা নদী? ১

খ. বাংলাদেশের জলবায়ু ক্রান্তীয় মৌসুমি জলবায়ু নামে পরিচিত কেন? ২

গ. চিত্রের 'A' চিহ্নিত নদীটির গতিপথ বর্ণনা করো। ৩

ঘ. বৈদেশিক বাণিজ্যে চিত্রের 'B' চিহ্নিত নদীটির অবদান মূল্যায়ন করো। ৪

প্রশ্ন-৫. মামুন বিশ্ববিদ্যালয়ের পড়া শেষে একটি শিল্প কারখানায় চাকরি নেন। কারখানাটিতে চামড়ার ব্যাগ তৈরি করা হয়?

ক. অর্থনৈতিক কার্যাবলি কাকে বলে? ১

খ. শিল্প স্থাপনে আধুনিক প্রযুক্তির ব্যবহার গুরুত্বপূর্ণ কেন? ২

গ. উদ্দীপকের শিল্পটি আকার অনুযায়ী কোন ধরনের শিল্প? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে উক্ত শিল্পটির ভূমিকা মূল্যায়ন করো। ৪

প্রশ্ন-৬. সামিয়া বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা শেষে খুব ভালো ফলাফল করায় স্কলারশীল পায়। সে উচ্চতর শিক্ষা গ্রহণের জন্য বিদেশে গমন করে এবং সেখানে স্থায়ীভাবে বসবাস শুরু করে।

ক. স্থানভেদে অভিগমনকে কয় ভাগে ভাগ করা যায়? ১

খ. অবাধ অভিবাসন বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. সামিয়া কোন ধরনের অভিগমন করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সামিয়ার অভিগমনটির সামাজিক ফলাফল বিশ্লেষণ করো। ৪

প্রশ্ন-৭. দৃশ্যকল্প-১: মিতু কর্মসূত্রের নিরক্ষীয় অঞ্চলে অবস্থিত একটি দেশে গেল। সে লক্ষ করল, দেশটিতে প্রতিদিনই বিকেল বেলা বৃষ্টিপাত হচ্ছে। সে জানতে পারে, দেশটিতে সারা বছই এরূপ বৃষ্টিপাত হয়।

দৃশ্যকল্প-২: লাবনী ছুটিতে বাবা-মায়ের সাথে পার্বত্য এলাকায় বেড়াতে গেল। বেড়াতে বের হতেই হঠাৎ বৃষ্টি৫ শুরু হল। সে অবাক হয়ে দেখল, পর্বতটির এক পাশে বৃষ্টিপাত হচ্ছে এবং অন্যপাশে বৃষ্টি হচ্ছে না।

ক. জলবায়ু কাকে বলে? ১

খ. বাষ্পীভবন বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. মিতুর দেখা বৃষ্টিপাতটি কোন প্রক্রিয়ায় সংঘটিত হয়? ব্যাখ্যা করো। ৩

http://teachingbd.com

ঘ. মিতু ও লাবনীর দেখা বৃষ্টিপাত দুটির বৈশিষ্ট্যের তুলনামূলক আলোচনা করো। ৪

**প্রশ্ন-৮.** একদল পর্যটক সুমাত্রা ও জাভা দ্বীপে বেড়াতে যান। তারা লক্ষ করেন, দ্বীপ দু'টির মধ্যবর্তী অংশে একটি প্রাকৃতিক দুর্যোগের ফলে বিরাট এক গহ্বরের সৃষ্টি হয়েছে।


ক. লাভা কী? ১

খ. আগ্নেয় হ্রদ কীভাবে সৃষ্টি হয়? ২

গ. পর্যটকদের দেখা গহ্বরটি কোন প্রাকৃতিক কারণে সৃষ্টি হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উক্ত প্রাকৃতিক দুর্যোগটি শুধুমাত্র কুফল নয়, সুফল বয়ে আনে"— মতামত দাও। ৪

**প্রশ্ন-৯.**




চিত্র : পৃথিবীর পরিক্রমণ

ক. পৃথিবীর গতি কত প্রকার? ১

খ. পৃথিবীর আহ্নিক গতির বেগ বিভিন্ন জায়গায় বিভিন্ন রকম কেন? ব্যাখ্যা করো। ২

গ. চিত্রে 'X' অবস্থানে পৃথিবীর উভয় গোলার্ধে দিন-রাত্রির হ্রাস-বৃদ্ধি ঘটার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. পৃথিবী পরিক্রমণকালে 'X' ও 'Y' অবস্থানে উত্তর গোলার্ধে কী একই ধরনের ঋতু বিরাজ করবে? যুক্তিসহকারে তোমার মতামত দাও। ৪

**প্রশ্ন-১০.** রাজু ভূগোল ক্লাসে এক ভিডিও চিত্রে দেখল, সমুদ্রের তীরবর্তী স্থলভাগ হঠাৎ খাড়া ঢাল হয়ে নিচের দিকে নেমে গিয়েছে; আবার সমুদ্রের তলদেশে বেশ কিছু গভীর খাতও রয়েছে।

ক. পৃথিবীর বৃহত্তম মহাসাগর কোনটি? ১

খ. সমুদ্রে কীভাবে অগভীর মগ্নচড়ার সৃষ্টি হয়? ব্যাখ্যা করো। ২

গ. রাজুর দেখা খাড়া ঢালের বর্ণনা দাও। ৩

ঘ. রাজুর দেখা খাতগুলো সমুদ্র তলদেশের কোন অংশে পরিলক্ষিত হয়? বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-১১.** লিপি গ্রামে বাস করে তাদের গ্রামে দু'টি বাসগৃহের মধ্যে যথেষ্ট ব্যবধান, সামাজিক ও অর্থনৈতিক বিচ্ছিন্নতা বিদ্যমান। লিপি এসএসসি পাস করে শহরের কলেজে ভর্তি হয়। সে লক্ষ করে, শহরটিতে অধিক লোকসংখ্যার কারণে অপরিকল্পিতভাবে প্রচুর ঘর-বাড়ি গড়ে উঠেছে এবং খোলা জায়গায় ময়লা-আবর্জনা পড়ে আছে।

ক. গ্রামীণ বসতি কাকে বলে? ১

খ. নগরায়ণ কী? ব্যাখ্যা করো। ২

গ. লিপির গ্রামে কোন ধরনের বসতি গড়ে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. লিপির দেখা শহরটিতে পরিবেশগত কী কী সমস্যা দেখা দিবে? বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০

বিষয় কোড: ১ ১ ০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. কোনো একটি গ্যালাক্সীর ক্ষুদ্র অংশকে কী বলে?**
ক) উল্কা খ) উপগ্রহ
গ) ছায়াপথ ঘ) ধূমকেতু

**২. সৌরজগতের সবচেয়ে বড় গ্রহ কোনটি?**
ক) মঙ্গল খ) বৃহস্পতি
গ) নেপচুন ঘ) ইউরেনাস

**৩. কোনটি গুণগত মানচিত্রের অন্তর্গত?**
ক) বায়ুর উত্তাপ খ) বৃষ্টিপাতের পরিমাণ
গ) শিল্প উৎপাদন ঘ) স্থানীয় বৈচিত্র্যসূচক

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৪ নং প্রশ্নের উত্তর দাও:**

তুহিন নারায়ণগঞ্জের একটি কারখানায় চাকরি করে। কারখানাটির উৎপাদিত পণ্য বাংলাদেশের দ্বিতীয় প্রধান গুরুত্বপূর্ণ শিল্পের অন্তর্ভুক্ত।

**৪. উক্ত কারখানার পণ্যটি কোন শিল্পের অন্তর্গত?**
ক) কার্পাস বয়ন শিল্প খ) পাট শিল্প
গ) কাগজ শিল্প ঘ) সার শিল্প

**৫. 'আল্পস' কোন প্রক্রিয়ায় গঠিত হয়েছে?**
ক) লাভা জমাট বেঁধে
খ) নদী মোহনায় অবক্ষেপণের মাধ্যমে
গ) পাললিক শিলায় ভাঁজ পড়ে
ঘ) ভূত্বকের নিচে ম্যাগমা সঞ্চিত হয়ে

**নিচের ছকটি পড় এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:**

**ছক**

| গ্রহ | ব্যাস (কিলোমিটার) | পরিক্রমণকাল |
|---|---|---|
| C | ১২,১০৪ | ২২৫ দিন |

**৬. সূর্য থেকে ছকের 'C' চিহ্নিত গ্রহটির দূরত্ব কত?**
ক) ৫.৮ কোটি কিলোমিটার
খ) ১০.৮ কোটি কিলোমিটার
গ) ২২.৮ কোটি কিলোমিটার
ঘ) ৭৭.৮ কোটি কিলোমিটার

**৭. উক্ত গ্রহের বৈশিষ্ট্য কোনটি?**
ক) এর ভূত্বক বরফে ঢাকা
খ) গ্রহটি উজ্জ্বল বলয় দিয়ে বেষ্টিত
গ) এটি পূর্ব থেকে পশ্চিমে পাক খায়
ঘ) এর ভূত্বক এবড়ো-থেবড়ো

**৮. দুই বা ততোধিক নদীর মিলন স্থলকে কী বলে?**
ক) নদী গর্ভ খ) নদী সংগম
গ) নদী উপত্যকা ঘ) নদী অববাহিকা

**৯. কোনটি 'ব্যাসল্ট' শিলার বৈশিষ্ট্য?**
ক) অস্তরীভূত খ) জীবাশ্ম দেখা যায়
গ) নরম ও হালকা ঘ) ছিদ্র দেখা যায়

**১০. সমুদ্র স্রোত সৃষ্টির প্রধান কারণ কোনটি?**
ক) পৃথিবীর আহ্নিক গতি
খ) ভূখণ্ডের অবস্থান
গ) নিয়ত বায়ুপ্রবাহ
ঘ) সমুদ্রের গভীরতার তারতম্য

**১১. মেঘনা নদীর উপনদী কোনটি?**
ক) কাসালং খ) পুনর্ভবা
গ) ট্যাংগন ঘ) বাউলাই

**১২. 'এডিনবরা' কোন ধরনের নগর?**
ক) সামরিক ক্রিয়াকলাপভিত্তিক
খ) শিল্পভিত্তিক
গ) বাণিজ্যভিত্তিক
ঘ) প্রশাসনিক

**১৩. 'মাওনালোয়া' কোন ধরনের আগ্নেয়গিরি?**
ক) সুপ্ত খ) সক্রিয়
গ) মৃত ঘ) সিন্ডার কোণ

**১৪. 'X' এবং 'Y' স্থান দুটির দ্রাঘিমা যথাক্রমে ৪০° পূর্ব ও ৫০° পূর্ব। 'X' স্থানের স্থানীয় সময় যখন সকাল ৯টা তখন 'Y' স্থানের স্থানীয় সময় কত হবে?**
ক) সকাল ৮টা
খ) সকাল ৮টা ২০ মিনিট
গ) সকাল ৯টা
ঘ) সকাল ৯টা ৪০ মিনিট

**১৫. 'বেড়িবাঁধ' নির্মাণ দুর্যোগ ব্যবস্থাপনা চক্রের কোন ধরনের কার্যক্রম?**
ক) প্রতিরোধ ও পুনরুদ্ধার
খ) প্রশমন ও সাড়াদান
গ) প্রশমন ও পুনরুদ্ধার
ঘ) প্রতিরোধ ও প্রশমন

**নিচের ছকটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:**

**ছক**

| শস্য | বৃষ্টিপাত (সেন্টিমিটার) | মৃত্তিকা |
|---|---|---|
| 'X' | ৫০-৭৫ সে.মি. | উর্বর দোআঁশ |

**১৬. ছকের 'X' চিহ্নিত শস্যটির নাম কী?**
ক) গম খ) চা
গ) ধান ঘ) ডাল

Teachingbd.com

১৭. উক্ত শস্যটি চাষের জন্য কত ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা প্রয়োজন?

ⓚ ১৬° থেকে ১৭° সেলসিয়াস
ⓚ ১৬° থেকে ২২° সেলসিয়াস
ⓖ ১৯° থেকে ৩০° সেলসিয়াস
ⓖ ২০° থেকে ৩৫° সেলসিয়াস

১৮. GPS এর পূর্ণরূপ কী?

ⓚ General Post System
ⓚ General Positioning System
ⓖ Global Post System
ⓖ Global Positioning System

১৯. রংপুর ও দিনাজপুরের অধিকাংশ স্থান কোন ধরনের ভূমিরূপ?

ⓚ ব-দ্বীপ
ⓚ পলল কোণ
ⓖ পাদদেশীয় পলল সমভূমি
ⓖ প্লাবন সমভূমি

২০. কোন কাজটি তৃতীয় পর্যায়ের অর্থনৈতিক কার্যাবলির অন্তর্ভুক্ত?

ⓚ ফেরিওয়ালা ⓚ পশু শিকার
ⓖ কৃষিকার্য ⓖ মৎস্য শিকার

২১. ক্রান্তীয় পাতাঝরা গাছের বনভূমিকে কয়টি অংশে ভাগ করা হয়েছে?

ⓚ ২ ⓚ ৩
ⓖ ৪ ⓖ ৫

২২. বাংলাদেশের দ্বিতীয় তেলক্ষেত্রটি কোন জেলায়?

ⓚ সিলেট ⓚ দিনাজপুর
ⓖ মৌলভীবাজার ⓖ রাজশাহী

২৩. কোন জলরাশি চারদিকে স্থলভাগ দ্বারা বেষ্টিত?

ⓚ লোহিত সাগর ⓚ বৈকাল হ্রদ
ⓖ বঙ্গোপসাগর ⓖ ক্যারিবিয়ান সাগর

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৪ নং প্রশ্নের উত্তর দাও:

সোহেল কর্মসূত্রে দীর্ঘদিন যাবৎ নরওয়েতে বসবাস করছে। সে লক্ষ করেছে, প্রতি বছরই ২২শে ডিসেম্বর তারিখে দেশটিতে রাত সবচেয়ে বড় ও দিন সবচেয়ে ছোট।

২৪. উক্ত তারিখে দেশটিতে রাত বড় ও দিন ছোট হওয়ার কারণ কোনটি?

ⓚ সূর্যকিরণ মকরক্রান্তি রেখায় তির্যকভাবে পড়ে
ⓚ সূর্যকিরণ কর্কটক্রান্তি রেখায় লম্বভাবে পড়ে
ⓖ সূর্যকিরণ নিরক্ষরেখায় লম্বভাবে পড়ে
ⓖ সূর্যকিরণ মকরক্রান্তি রেখায় লম্বভাবে পড়ে

২৫. বাংলাদেশের দক্ষিণাঞ্চলে রেলপথ কম থাকার কারণ হলো—

i. মৃত্তিকার বুনন দুর্বল
ii. নদ-নদীর আধিক্য
iii. বন্ধুর ও উঁচু-নিচু ভূপ্রকৃতি

নিচের কোনটি সঠিক?

ⓚ i ⓚ ii
ⓖ i ও ii ⓖ ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:

আদিল চট্টগ্রামে যায়। সেখানকার প্রধান নদীটির পাশ দিয়ে যাওয়ার পথে সে নদীটিকে ঘিরে কর্মব্যস্ত মানুষের ভিড় লক্ষ করে।

২৬. আদিলের দেখা নদীটির নাম কী?

ⓚ মেঘনা ⓚ কর্ণফুলী
ⓖ শীতলক্ষ্যা ⓖ পশুর

২৭. উক্ত নদীটি গুরুত্বপূর্ণ হওয়ার কারণ হচ্ছে—

i. এটি জলবিদ্যুতের অন্যতম উৎস
ii. এর তীরে বন্দর গড়ে উঠেছে
iii. দেশের অধিকাংশ বৈদেশিক বাণিজ্যের কার্যক্রম সম্পদিত হয়

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৮. পৃথিবীর গভীরতম মহাসাগর কোনটি?

ⓚ ভারত মহাসাগর ⓚ আটলান্টিক মহাসাগর
ⓖ প্রশান্ত মহাসাগর ⓖ দক্ষিণ মহাসাগর

২৯. সড়কপথ গড়ে উঠার অনুকূল অবস্থা কোনটি?

ⓚ ঢালবিশিষ্ট ভূমি ⓚ ভূমির বন্ধুরতা
ⓖ জলভূমির আধিক্য ⓖ মৃত্তিকার শক্ত বুনন

৩০. কোনটি পাললিক শিলা?

ⓚ রায়োলাইট ⓚ ল্যাকোলিথ
ⓖ কেওলিন ⓖ ডাইক

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | খ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | গ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | গ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ক | ২১ | ক | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | গ |

Teachingbd.com